**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 09-06-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.35 AM** **Compiling : NBR**

**DEO : KB** **NR : NBR**

**Announcement :-** আকাশবাণী, খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য বিধানসভার অধিবেশন আজ শুরু হচ্ছে।

# আগামীকাল অপারেশন সিন্দুরে ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্বের জন্য একটি প্রস্তাব আনা হবে।

২/ সুপ্রিম কোর্টের নির্দেশে বাতিল হওয়া চাকরি ফেরানোর দাবিতে আগামী ১৬'ই জুন বিধানসভা অভিযানের ডাক দিলেন যোগ্য চাকরিহারা শিক্ষকদের একাংশ।

৩/ অনুব্রত মণ্ডল-এর কুকথা কাণ্ডে পুলিশের পাঠানো রিপোর্টে জাতীয় মহিলা কমিশন, অসন্তোষ ব্যক্ত করেছে।

৪/ নদীয়ার কালিগঞ্জ বিধানসভা উপ নির্বাচনের জন্য জোর কদমে চলছে প্রচার।

৫/ উত্তর ২৪ পরগণার পানিহাটিতে আজ 'দন্ড মহোৎসব' উপলক্ষ্যে সকাল থেকেই বহু মানুষের ভিড়।

*****************************************************************************

রাজ্য বিধানসভার অধিবেশন আজ শুরু হচ্ছে। প্রথা মাফিক সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের উদ্দেশে শোক প্রস্তাব পাঠের পর প্রথম দিনের অধিবেশন মুলতুবি হয়ে যাবে। এই অধিবেশনে 'অপারেশন সিন্দুর'-এ ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্বের জন্য একটি প্রস্তাব আনা হবে।

অধিবেশনের দ্বিতীয় দিনে আগামীকাল এই প্রস্তাব নিয়ে ২ ঘণ্টা আলোচনা হওয়ার কথা। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ওই আলোচনায় অংশ নিতে পারেন। সরকারী এই প্রস্তাবের ওপর আলোচনায় বিজেপিও অংশ নেবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

এদিকে, এই প্রস্তাবে 'অপারেশন সিন্দুর' নামটির উল্লেখ না থাকায় বিজেপি ক্ষোভ প্রকাশ করেছে। তাঁদের অভিযোগ, অভিযানের নাম উল্লেখ না করে সেনার কৃতিত্বকে ছোট করা হচ্ছে।

উল্লেখ্য, প্রস্তাব পেশের পরবর্তী দু-দিন প্রশ্নোত্তর পর্ব, জিরো আওয়ার, উল্লেখ পর্বের পাশাপাশি বিধানসভার বিভিন্ন স্থায়ী কমিটির রিপোর্ট নিয়ে আলোচনা হবে বলে বিধানসভার কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে স্থির হয়েছে।

এছাড়াও এবারের সপ্তাহ দু-এক-এর অধিবেশনে বিধানসভায় পাশ হওয়া বিল সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার জন্য রাজ্যপালকে নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া সংক্রান্ত একটি প্রস্তাব আনা হতে পারে।

**********************

সেবা, সুশাসন ও গরিব কল্যাণ-এর মূলমন্ত্রে ভর করে গত এক দশকে ভারত চিহ্নিত হয়েছে এক ঐতিহাসিক রূপান্তরের সাক্ষী হিসেবে। আকাশবাণী সংবাদ তুলে ধরছে গত ১১ বছরে বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সরকারের সাফল্য।

আজকের প্রতিবেদন– ' উত্তর-পূর্ব ভারতের উন্নয়ন যাত্রা'। এক সময় যে অঞ্চল ছিল দূরবর্তী ও অবহেলিত, আজ তা দাঁড়িয়ে রয়েছে সংযোগ ও অগ্রগতির প্রতীকে। আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের একটি প্রতিবেদন।

( ভয়েস ক্যাস্ট - Kashfin Nahar )

আজ উত্তর-পূর্ব আর শুধু সীমান্তভূমি নয়, বরং ভারতের উন্নয়নযাত্রার এক উন্নয়ণমুখী চালিকাশক্তি।

**********************

বিভিন্ন দফতরের আওতাধীন নানা কমিটি সম্পর্কে রাজ্য সরকার পূর্ণাঙ্গ রিপোর্ট তলব করেছে। কোন্ কোন্ দফতরে কী কী কমিটি গঠন করা হয়েছে, সেই কমিটির সদস্য কারা, কতবার বৈঠক হয়েছে এবং কোনও রিপোর্ট জমা পড়েছে কি না— এই সমস্ত যাবতীয় বিষয়ে জানতে চেয়েছে সরকার। বিস্তারিত তথ্য সহ পূর্ণাঙ্গ রিপোর্ট সংশ্লিষ্ট দফতরগুলিকে আগামী সপ্তাহের মধ্যেই জমা দিতে বলা হয়েছে।

উল্লেখ্য, বিভিন্ন মামলায় সুপ্রিম কোর্ট বা হাইকোর্টের নির্দেশে রাজ্য সরকারের অধীনে স্বাস্থ্য পরিকাঠামো, নারী ও শিশু সুরক্ষা, পথ সুরক্ষা সহ একাধিক কমিটি গঠিত হয়েছে। এসব কমিটি নিয়মমাফিক কাজ করছে কি না তা জানতেই এই উদ্যোগ বলে মনে করা হচ্ছে।

**********************

সুপ্রিম কোর্টের নির্দেশে বাতিল হওয়া চাকরি ফেরানোর দাবিতে আগামী ১৬ ই জুন সোমবার বিধানসভা অভিযানের ডাক দিলেন যোগ্য চাকরিহারা শিক্ষকদের একাংশ। শহিদ মিনার চত্বরে গতকাল এক সাংবাদিক বৈঠকে আন্দোলনকারীদের তরফে সুমন বিশ্বাস ফের একবার যোগ্য চাকরিহারাদের সসম্মানে চাকরিতে ফেরানোর এবং ২২ লক্ষ ওএমআর সিটের মিরর ইমেজ প্রকাশের দাবী জানান। তিনি বলেন, OMR শিটের মিরর ইমেজ প্রকাশ করা হলে সমস্ত যোগ্য চাকরিহারাদের চাকরি বেঁচে যাবে। এই দাবি নিয়েই বিধানসভা অভিযানের ডাক দেওয়া হয়েছে।

উল্লেখ্য, আগামী ১৬ই জুন বেলা বারোটায় সুবোধ মল্লিক স্কোয়ারে জমায়েত করে বিধানসভা অভিযান করবেন তারা। পুলিশ বাধা দিলে পাল্টা প্রতিরোধ করা হবে বলেও হুঁশিয়ারী দেওয়া হয়েছে।

এদিকে, চাকরি ফিরে পাওয়ার দাবিতে আইনি লড়াই কোন পথে যাবে - তা নিয়ে আলোচনা করতে গতকাল প্রাক্তন সিবিআই কর্তা উপেন বিশ্বাসের সঙ্গে দেখা করেন যোগ্য চাকরিহারা শিক্ষকদের একাংশ। ২২ লক্ষ OMR শিট প্রকাশ করা ও চাকরিতে পুনর্বহালের দাবিতে ইতিমধ্যেই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন তাঁরা। আইনি লড়াইয়ে কিভাবে চাকরি ফিরে পাওয়া সম্ভব তা নিয়ে প্রাক্তন সিবিআই কর্তার সঙ্গে তাঁদের আলোচনা হয়েছে।

অন্যদিকে, উপেনবাবু জানিয়েছেন, শিক্ষকরা সঠিকভাবেই লড়াই করছেন। আইনি পথেই চাকরি ফিরে পাওয়ার সম্ভাবনা রয়েছে বলেও তিনি মনে করেন।

**********************

অনুব্রত মণ্ডল-এর কুকথা কাণ্ডে পুলিশের পাঠানো রিপোর্টে সন্তুষ্ট নয় জাতীয় মহিলা কমিশন। ফোনে কথোপকথনের সময় বীরভূমের তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মন্ডলকে বোলপুর থানার আইসি-র স্ত্রী ও মায়ের উদ্দেশে কদর্য ভাষা ব্যবহারের অডিও ক্লিপ সমাজমাধ্যমে ভাইরাল হয়। মহিলাদের বিরুদ্ধে অবমাননাকর মন্তব্যের প্রেক্ষিতে অনুব্রতর বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হয়েছে, তা জানতে চেয়ে রাজ্য পুলিশের ডিজিকে চিঠি দিয়েছিল জাতীয় মহিলা কমিশন। জেলা পুলিশ সুপার ওই চিঠির জবাব পাঠান, কিন্তু সেই রিপোর্ট ‘সন্তোষজনক নয়’ বলে জানিয়েছেন কমিশনের সদস্য অর্চনা মজুমদার।

( বাইট- অর্চনা মজুমদার )

কেন অনুব্রত মণ্ডলকে গ্রেফতার করা হলনা এবং তাঁর মোবাইল বাজেয়াপ্ত করা হল না, সেই প্রশ্ন তুলেছেন তিনি।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, আজ বোলপুর যাবেন। মহিলাদের বিরুদ্ধে এই অসম্মানজনক মন্তব্যের প্রতিবাদে সেখানে আজ ‘নারী সম্মানযাত্রা’-র আয়োজন করা হয়েছে। গতকাল উত্তর ২৪ পরগণার বনগাঁয় ‘তিরঙ্গা যাত্রা’-র শেশে তিনি একথা জানান।

( বাইট- শুভেন্দু )

**********************

নদীয়ার কালিগঞ্জ বিধানসভায় আগামী ১৯ শে জুন উপনির্বাচন উপলক্ষ্যে প্রধান তিন রাজনৈতিক দলের প্রচার জমে উঠেছে।

কালিগঞ্জ বিধানসভার ক্ষেত্রে গতকাল তৃণমূল কংগ্রেস প্রার্থী আলিফা আহমেদ গোবরা ও নসিপুর এলাকায় রোড শো অংশ নেন। হুড খোলা জিপে এলাকায় জনসংযোগ সারেন তিনি। বিজেপি প্রার্থী আশীষ ঘোষ দেবগ্রাম নওয়াচর এলাকায় পায়ে হেঁটে প্রচার সারেন। কংগ্রেসের কাবিলউদ্দিন আহমেদও কালীগঞ্জের বড় কুলবেড়িয়া, ঘাসুরডাঙ্গা সংলগ্ন গ্রামে ঘুরে পায়ে হেঁটে বাড়ি বাড়ি ভোটের প্রচার করেন। আজও প্রার্থীরা ভোটারদের মন জয়ে নানা এলাকায় প্রচার চালাবেন।

**********************

উত্তর ২৪ পরগণার পানিহাটিতে আজ 'দন্ড মহোৎসব' উপলক্ষ্যে সকাল থেকেই বহু মানুষ ভিড় জমিয়েছেন। মহোৎস্বতলা ঘাটে এই উপলক্ষ্যে বসে দই-চিঁড়ের মেলা। জৈষ্ঠ্য মাসের শুক্লপক্ষের ত্রয়োদশী তিথিতে 'দন্ড মহোৎসব' পালিত হয়।
নিত্যানন্দ প্রভুর মন্দিরে দই চিঁড়ে ও মিষ্টি দিয়ে পুজো নিবেদন করেন অগণিত ভক্ত। মেলা নির্বিঘ্ন রাখতে প্রশাসনের পক্ষ থেকে একাধিক বন্দোবস্ত নেওয়া হয়েছে।

**********************

প্রবল বর্ষণের জেরে বহু জায়গায় ধস নামায়, সড়ক যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হওয়ায় উত্তর সিকিমের চাতেনে কমপক্ষে ২৮ জন পর্যটক এবং ২০ জন সেনা কর্মীকে গতকাল হেলিকপ্টারে করে উদ্ধার করা হয়েছে। প্রথম পর্যায়ে উদ্ধার হওয়া ২৮ জনের মধ্যে রয়েছেন পর্যটকদের গাড়ির চালক, শিশু এবং সরকারি আধিকারিকরা।

**********************

বাতাসে পর্যাপ্ত জলীয়বাষ্প না থাকার কারণে আগামী বুধবার ১১ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে।
আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে বলেন, দক্ষিণবঙ্গে কবে বর্ষা ঢুকবে, তা ১২ তারিখ বৃহস্পতিবারের আগে জানানো সম্ভব নয়।
*************************************************************************